



প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়

ডিসিপ্লিন এন্ড আপিল বিভাগ

প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন রোড, ইস্কাটন, ঢাকা-১০০০।

www.pkb.gov.bd

রেজিস্টার্ড এ/ডি

স্মারক নম্বর-৫৩.১৬.২৬৬৬.৯০৮.২৭.০০১.২২.৭৫

তারিখ: ১১.০৩.২০২৬

আদেশ

যেহেতু, আপনি, জনাব মোঃ রফিকুল ইসলাম (পরিচিতি নম্বর-০০১০৭), অফিস সহায়ক, আইটি অপারেশন ও ডিএফএস বিভাগ, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয় (সাবেক অফিস সহায়ক, চাঁদপুর শাখা) এর বিরুদ্ধে আনীত অভিযোগের প্রেক্ষিতে প্রবাসী কল্যাণ ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা-২০২৩ এর সপ্তম অধ্যায় (সাধারণ আচরণ ও শৃঙ্খলা) এর ৫২(ক) মোতাবেক 'দায়িত্ব পালনে অবহেলা', ৫২(খ) 'অসদাচরণ', ৫২(ঙ) মোতাবেক 'দুর্নীতিপরায়ণ' ও ৫২(চ) মোতাবেক 'চুরি, আত্মসাৎ, তহবিল তহরুপ বা প্রতারণা'র দায়ে অভিযুক্ত করে বিভাগীয় মামলা নম্বর ০১/২০২৩ রুজু ও অভিযোগনামা/চার্জশিট প্রণয়ন করে কারণ দর্শানোর জন্য বলা হয় এবং আপনি তার লিখিত জবাব পেশ করেন; এবং

২। যেহেতু, আপনি চার্জশিটের জবাবে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ লিখিতভাবে স্বীকার করেন এবং আপনার বিরুদ্ধে সূচিত কার্যধারায় আপনার উপর গুরুদণ্ড আরোপের জন্য পর্যাপ্ত কারণ থাকায় আনীত অভিযোগসমূহ তদন্তের জন্য একটি তদন্ত বোর্ড/কমিটি গঠন করা হয় এবং তদন্ত কমিটি তার প্রতিবেদন পেশ করেন; এবং

৩। যেহেতু, চার্জশিটের জবাবে আপনার লিখিত স্বীকারোক্তি, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও ডিসিপ্লিনারি অ্যাকশন কমিটির সুপারিশ অনুযায়ী আপনার বিরুদ্ধে আনীত প্রবাসী কল্যাণ ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা-২০২৩ এর সপ্তম অধ্যায় (সাধারণ আচরণ ও শৃঙ্খলা) এর ৫২(ক) মোতাবেক 'দায়িত্ব পালনে অবহেলা', ৫২(খ) 'অসদাচরণ', ৫২(ঙ) মোতাবেক 'দুর্নীতিপরায়ণ' ও ৫২(চ) মোতাবেক 'চুরি, আত্মসাৎ, তহবিল তহরুপ বা প্রতারণা' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় প্রবাসী কল্যাণ ব্যাংক কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০২৩ এর প্রবিধান ৫৩(১)(খ) অনুযায়ী কেনো আপনাকে চাকরি হতে বরখাস্ত বা অন্য কোনো গুরুদণ্ড আরোপ করা হবে না তা জানতে চেয়ে চূড়ান্ত কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয় এবং আপনি তার জবাব পেশ করেন; এবং

৪। যেহেতু, আপনার চূড়ান্ত কারণ দর্শানোর নোটিশ এর জবাব, অভিযোগনামা ও অভিযোগের স্বীকারোক্তিমূলক লিখিত জবাব, তদন্ত প্রতিবেদন ও বিভাগীয় মামলার অন্যান্য কাগজপত্র পর্যালোচনা করে ডিসিপ্লিনারি অ্যাকশন কমিটির সুপারিশক্রমে কর্তৃপক্ষ কর্তৃক প্রবাসী কল্যাণ ব্যাংক কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০২৩ এর ৫৩(১)(খ)(উ) প্রবিধান অনুযায়ী গুরুদণ্ডের শাস্তিস্বরূপ চাকরি হতে বরখাস্তকরণ ও একই প্রবিধানমালার ৫৩(১)(খ)(আ) প্রবিধান অনুযায়ী আপনার কর্তৃক সংঘটিত ব্যাংকের আর্থিক ক্ষতির অংশবিশেষ বা সম্পূর্ণ আপনার বেতন বা অন্য কোনো খাতের পাওনা হতে আদায়করণ ও অনাদায়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণের মাধ্যমে পাওনা আদায় নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। সেহেতু, প্রবাসী কল্যাণ ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা-২০২৩ এর সপ্তম অধ্যায় (সাধারণ আচরণ ও শৃঙ্খলা) এর ৫২(ক) মোতাবেক 'দায়িত্ব পালনে অবহেলা', ৫২(খ) 'অসদাচরণ', ৫২(ঙ) মোতাবেক 'দুর্নীতিপরায়ণ' ও ৫২(চ) মোতাবেক 'চুরি, আত্মসাৎ, তহবিল তহরুপ বা প্রতারণা' এর অভিযোগে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় উক্ত প্রবিধানমালার ৫৩(১)(খ)(উ) প্রবিধান অনুযায়ী আপনাকে চাকরি হতে বরখাস্তকরণ; এবং

৬। একই প্রবিধানমালার ৫৩(১)(খ)(আ) প্রবিধান অনুযায়ী আপনার কর্তৃক সংঘটিত ব্যাংকের আর্থিক ক্ষতির অংশবিশেষ বা সম্পূর্ণ আপনার বেতন বা অন্য কোনো খাতের পাওনা হতে আদায়করণ এর গুরুদণ্ড প্রদান করা হলো; অনাদায়ে আইনানুগ ব্যবস্থা গৃহীত হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

স্বাক্ষরিত/-

(মোঃ জাহাঙ্গীর হোসেন)

উপব্যবস্থাপনা পরিচালক

জনাব মোঃ রফিকুল ইসলাম (পরিচিতি নম্বর-১০৭)

অফিস সহায়ক

আইটি অপারেশন ও ডিএফএস বিভাগ

প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

স্থায়ী ঠিকানা:

জনাব মোঃ রফিকুল ইসলাম

পিতা: মৃত আব্দুল লতিফ

গ্রামঃ গন্ডামারা, পোঃ গন্ডামারা, থানাঃ হাইমচর, জেলাঃ চাঁদপুর।

স্মারক নম্বর-৫৩.১৬.২৬৬৬.৯০৮.২৭.০০১.২২.৭৫

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। ব্যবস্থাপনা পরিচালক এর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা [ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির

তারিখ: ১১.০৩.২০২৬

জন্য];

২। উপব্যবস্থাপনা পরিচালক এর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;

৩। মহাব্যবস্থাপক (সকল) এর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা [মহাব্যবস্থাপকগণের অবগতির জন্য];


৪। বিভাগীয় প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;

৫। অঞ্চল প্রধান/শাখা প্রধান/শাখা ব্যবস্থাপক (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক;

৬। সিস্টেম এনালিস্ট, আইটি সিস্টেমস্ এন্ড সাইবার সিকিউরিটি বিভাগ, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য); এবং

৭। উপমহাব্যবস্থাপক, মানব সম্পদ ও কল্যাণ বিভাগ, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ব্যক্তিগত নথিতে অন্তর্ভুক্তকরণের অনুরোধসহ); এবং

৮। অফিস কপি।


২১/০৬/২০২৪
(মো: জাহাঙ্গীর হোসেন)
উপব্যবস্থাপনা পরিচালক